গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
গবেষণা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা-২০২৪ এর কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: ফখরে আলম ইবনে তাবিব<br>নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২০-২১ জুন ২০২৪খ্রি: |
| সভার সময় | সকাল ০৯.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এবং জুম প্ল্যাটফরম। |
| উপস্থিতি | পরিশিষ্ট - ক |

তুলা উন্নয়ন বোর্ডে চলমান তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের অর্থায়নে বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা গত ২০-২১ জুন ২০২৪ তারিখে তুলা উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে আয়োজিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ইমিরিটাস ড. আব্দুস সাত্তার মন্ডল, সাবেক সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন এবং এপিএ বিশেষজ্ঞ পোলের সদস্য, কৃষি মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ আবুল হাসেম, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়সনসিংহ ও ড. শেফালী রানী মজুমদার, অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড । এছাড়াও উপস্থিত ছিলেন, তুলা উন্নয়ন বোর্ড এর সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রফেসরবৃন্দ, তুলা উন্নয়ন বোর্ডের প্রাক্তন দুজন নির্বাহী পরিচালক জনাব ড. মো: ফরিদ উদ্দিন ও জনাব মো: আখতারুজ্জামান, জিনার ও স্পিনার প্রতিনিধিগণ, সীড কোম্পানীর প্রতিনিধিগন, তুলা চাষী এবং অন্যান্য অংশীজন। কর্মশালায় সভাপতিত্ব করেন তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক ড. মো: ফখরে আলম ইবনে তাবিব। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কর্মশালার কার্যক্রম শুরু করেন।

২। তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের প্রকল্প পরিচালক ড. সীমা কুন্ডু তার স্বাগত বক্তৃতায় কর্মশালায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি দেন। তিনি উক্ত প্রকল্পের আওতায় চলমান গবেষণা কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং তুলা ফষলের গুরুত্ব তুলে ধরেন। তিনি আশা প্রকাশ করেন অচিরেই সকলের সহযোগিতার মাধ্যমে তুলার উৎপাদন বৃদ্ধি পাবে। পরিশেষে সকলকে স্বাগত জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

৩। এরপর কর্মশালার বিশেষ অতিথি কৃষিবিদ ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল সকলকে ধন্যবাদ জানিয়ে নির্বাহী চেয়ারম্যান মহোদয় তার বক্তৃতা শুরু করেন। তিনি বলেন বর্তমান সময়ে তুলার সম্ভাবনা অনেক এবং একইসাথে এর বাধাও অনেক। কৃষিক্ষেত্রে আমাদের অর্জন অনেক। আমদের প্রযুক্তির সাথে এগিয়ে যেতে হবে। নতুন জাত উদ্ভাবন করতে হবে। তাই গবেষণার কোন বিকল্প নেই। আমাদের জমির পরিমাণ অপ্রতুল তবুও অর্জন অনেক। আমাদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। তুলা উন্নয়ন বোর্ড তুলা উৎপাদন বৃদ্ধিতে নিরলস প্রচেষ্টা অব্যহত রেখেছে বলে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি বাংলাদেশে বিটি কটন সম্প্রসারণের জন্য তুলা উন্নয়ন বোর্ড-এর সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তুলা গবেষণার কার্যক্রম বেগবান করতে হবে এবং আন্তর্জাতিক মানের গবেষণা পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন। তিনি স্প্রিড ব্রিডিং এ গুরুত্ব দেওয়ার পরামর্শ দেন এবং তুলা উৎপাদনের লক্ষ্যমাত্রা ৫-৬ লক্ষ বেলে নির্ধারনের পরামর্শ দেন। পরিশেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।

৪। এরপর কর্মশালার কী-নোট বক্তব্য উপস্থাপন করেন ড. মো: কামরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, ঢাকা। তিনি Transforming Bangladesh Cotton Farming: Innovation for Increased Yield and Farmer Prosperity শীর্ষক প্রবন্ধে তার উপস্থাপনা করেন।

৫। এরপর ড. শেফালী রানী মজুমদার, অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড কী নোট পেপারের উপর আলোচনা করেন। তিনি বলেন বর্তমান সময়ে তুলা উন্নয়ন বোর্ড একমাত্র প্রতিষ্ঠান যারা একইসাথে সম্প্রসারণ, গবেষণা ও মার্কেটিং এর কাজ করে থাকেন। তুলা উন্নয়ন বোর্ড ২১টি উফসী, ১টি হাইব্রীড, ১টি মিউটেন্ট জাতসহ ৫০ টিরও অধিক প্রযুক্তি মাঠে সম্প্রসারণ করেছে। এখন আমাদের বিজ্ঞানী নিয়োগ অতীব জরুরী। এ বিষয়ে তিনি মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন। পরিশেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।

৬। এরপর প্রফেসর ড. মোঃ আবুল হাসেম কী নোট পেপারের উপর আলোচনা করেন। তিনি বলেন বিগত ৭-৮ বছর আগে তুলা উন্নয়ন বোর্ড এর তুলনায় বর্তমানে অভাবনীয় সাফল্য অর্জন করেছে। তুলা ফসলের গবেষণা অন্য ফসল থেকে আলাদা। তুলা থেকে যে উন্নতমানের তেল হয় এর প্রচারণা বাড়াতে হবে। তিনি গবেষণার মাধ্যমে দেখেছেন তুলা লবণাক্ত সহিষ্ণু। পরিশেষে তিনি তুলা উন্নয়ন বোর্ড এর সফলতা কামনা করে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।

৭। এরপর ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব, নির্বাহী পরিচালক মহোদয় উপস্থিত সকল অংশীজনকে মুক্ত আলোচনার জন্য অনুরোধ করেন।

৮। এরপর মোঃ আব্দুল বারেক, তুলা চাষী, ধামরাই মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন, তিনি হাইব্রীড তুলার চাষ করেন। তুলা যখন উত্তোলন হয় ঐ সময় টাকার সমস্যা থাকে, যা তিনি তুলা বিক্রয়ের মাধ্যমে পেয়ে থাকেন। তিনি তুলার সাথে লালশাক চাষ করেন। লালশাক বিক্রয়ের মাধ্যমে তার চাষের খরচ হয়ে যায়। এছাড়া তিনি তুলা থেকে এককালীন টাকা পেয়ে থাকেন। এবছর তার তুলার ফলন ১৬ মণ/বিঘা।

৯। এরপর মোঃ আবুল কালাম, তুলা চাষী, কেলিয়া মুক্ত আলোচনায় অংশ নেন। এবছর তিনি ২ বিঘা জমি থেকে ২৫ মণ তুলা পেয়েছেন। তিনি তুলার সাথে সাথী ফসল হিসেবে লালশাক ও সবুজশাক চাষ করেন। যা বিক্রয়ের মাধ্যমে তার চাষের খরচ হয়ে যায়।

১০। এরপর জিনার এসোসিয়েশন থেকে জনাব সাবের হোসেন লাল মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন আমদানী করা তুলায় অগ্রীম কর দিতে না হলেও দেশের তুলার ক্ষেত্রে দিতে হয়। লোকাল এলসি এর এই বিষয়টি নজরে দেওয়ার প্রার্থনা করেন। তিনি আশা করেন যদি ২ লক্ষ হেঃ জমিতে তুলা আবাদ সম্ভব হয় তাহলে ৩০ লক্ষ বেল তুলা উৎপাদন সম্ভব। সেক্ষেত্রে তুলার উপজাত হিসেবে যে তেল ও খৈল উৎপাদন হবে তা থেকে বিপুল পরিমানে আমদানী খরচ কমানো সম্ভব হবে। তিনি দেশের অর্থনীতির উন্নয়নের জন্য তুলা খাতে বড় বিনিয়োগের আশা করেন।

১১। এরপর সুপ্রীম সিড থেকে জনাব ইব্রাহীম খলিল মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন বাংলাদেশে চাষকৃত ফসলের মধ্যে সবচেয়ে লাভজনক ফসল হচ্ছে তুলা। কৃষককে অধিক লাভবান করতে হলে তুলার সম্প্রসারণ প্রয়োজন।

১২। এরপর বাংলাদেশ তাঁত বোর্ড থেকে সাবেক প্রকল্প পরিচালক জনাব আইয়ুব আলী মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন তুলা উন্নয়ন বোর্ড ও রাজশাহী বিশ্ববিদ্যালয় ফ্রুটি কার্পাসের চাষাবাদের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। দেশে ও দেশের বাইরে মসলিনের অনেক চাহিদা। মসলিনের কাঁচামাল ফ্রুটি কার্পাসের চাষাবাদের জন্য তিনি তুলা উন্নয়ন বোর্ড এর সহযোগিতা কামনা করেন।
১৩। এরপর খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে প্রফেসর ড. বি. কে. বিশ্বাস মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি জানান যে, সোডিয়াম এজাইড দিয়ে ট্রিটমেন্টকৃত মিউটেন্ট কয়েকটি লাইনের বোল আগাম ফেটে গেছে যার ৮০% বোল নভেম্বর মাসে ফেটেছে। তিনি ৫টি মিউটেন্ট জাত দিবেন। তুলার জীবনকাল ৪ মাস হবে এমন জাত আসবে। তিনি কৃষি মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানান দেশের বাইরের বীজ যেন তুলা উন্নয়ন বোর্ড এর অনুমোদন ছাড়া মাঠে না দেওয়া হয়। এছাড়া তুলা উন্নয়ন বোর্ড এর জনবল বৃদ্ধির দিকে নজর দেওয়ার পরামর্শ দেন।

১৪। এরপর সুপ্রীম সিড থেকে জনাব মোঃ আকতারুজ্জামান মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন স্বল্প মেয়াদী জাত আনা হয়েছে যা ট্রায়ালের পর মাঠে দেওয়া হবে। তিনি আর্থসামাজিক পর্যালোচনার পরামর্শ প্রদান করেন।

১৫। এরপর কর্মশালার বিশেষ অতিথি বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয় তার বক্তৃতা শুরু করেন। তিনি একে একে সবার কথার পর্যালোচনা করেন এবং তুলা উন্নয়ন বোর্ড এর সফলতা কামনা করে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।
১৬। এরপর কর্মশালার প্রধান অতিথি প্রফেসর ইমিরিটাস ড. আব্দুস সাত্তার মন্ডল, সাবেক সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন এবং এপিএ বিশেষজ্ঞ পোলের সদস্য, কৃষি মন্ত্রণালয় মহোদয় তার বক্তৃতা শুরু করেন। তিনি বলেন এ ধরনের কর্মশালায় এসে তিনি তারন্য অনুভব করেন। তিনি তুলা উন্নয়ন বোর্ড এর গবেষণার প্রশংসা করেন। তিনি তুলা ফসলের croping pattern নিয়ে গবেষণা করার প্রস্তাব করেন। এলাকা ভিত্তিক সাথী ফসল নির্ধারণের পরামর্শ দেন। তিনি বিজ্ঞানী নিয়োগ ও পদোন্নতির বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে বলেন। তুলা উন্নয়ন বোর্ড এর collaborative research এর প্রশংসা করেন এবং আন্তর্জাতিক collaboration এর জন্য চেষ্টা করতে বলেন। বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় Socio-economic Research করার পরামর্শ প্রদান করেন। একইসাথে ছোট ছোট ব্যবসার সুযোগ সৃষ্টি করে দেওয়ার পরামর্শ প্রদান করেন। পরিশেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।
১৭। পরবর্তীতে বক্তব্য রাখেন কর্মশালার সভাপতি তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব। সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি তার মূল্যবান বক্তৃতা শুরু করেন। তিনি বলেন খাদ্য ফসলের বিঘ্ন না ঘটিয়ে আমরা ২ লক্ষ হেঃ জমি তুলা চাষের আওতায় নিতে পারবো। এজন্য আমরা ৫টি এলাকা নির্ধারণ করেছি। আশা করছি আমরা অচিরেই সফলতা অর্জন করে দেশের অর্থনীতিতে একটা বড় অর্জন করতে সক্ষম হবো। পরিশেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তার মূল্যবান বক্তব্য শেষ করেন এবং সকলকে Technical Session এ অংশগ্রহণের অনুরোধ করেন।

**Technical Session-1: Crop Improvement**

Session Chair: Professor Dr, Md. Aminul Islam, BSMRAU

**আলোচনা:** Crop Improvement সেশনে প্রথমে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে ০৪ জন বক্তাকে তাদের স্ব স্ব গবেষণা প্রবন্ধ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বক্তার নামসহ প্রবন্ধগুলি নিম্নরূপ-
ক) মোঃ রেজাউল আমিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা গবেষণা কেন্দ্র, মাহিগঞ্জ, রংপুর
গবেষণা প্রবন্ধ:

1. Non-Replicated Progeny Row Trail
2. Replicated Progeny Row Trail of Upland Cotton
3. Preliminary Yield Trail
4. Advanced Yield Trail

খ) ড. এম. এম আবেদ আলী, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা বীজ বর্ধন খামার,জগদীশপুর,যশোর
গবেষণা প্রবন্ধ:

1. Evaluation and Characterization of Some Genotypes/ Lines of Upland Cotton
2. Evaluation of Introduced Chinese Hybrid Cotton
3. Hybrid Seed Production Program
4. Breeder Seed Production Program of Different Cotton Genotypes/Lines through Selfing

গ) কিরনময় দেওয়ান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান
গবেষণা প্রবন্ধ:

1. Replicated Progeny of Row Trail of Mutant Genotype

ঘ) ড. মো: কামরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, ঢাকা

গবেষণা প্রবন্ধ:

1. Evalution of Mutant Genotypes under High Density Planting System.

সুপারিশমালা/মতামত:

1. Preliminary Yield Trail ও Advanced Yield Trail এর আগেই বেশি জেনোটাইপ নিয়ে সুনির্দিষ্ট বৈশিষ্টের আলোকে screening করতে হবে, এর ফলে অর্থ এবং সময় বাঁচবে। এসকল ট্রায়াল বিভিন্ন লোকেশনে এবং প্রতিবেদনে stability analysis করা আবশ্যক।
2. Evaluation of Introduced Chinese Hybrid Cotton গবেষণায় বিভিন্ন লোকেশন এ করা দরকার। Check variety কোনটা হবে তা আগে থেকে সিদ্ধান্ত হওয়া দরকার।
3. গবেষণাগুলোই objective অনুযায়ী নির্দিষ্ট ডাটা কালেকশন (যেমন drought এর জন্য এর সুনির্ধারিত প্যারামিটার) এবং analysis (যেমন- G/E interaction বা stability বা অন্যান্য) করা জরুরী।
4. গবেষণা প্রোগ্রাম মাঠে যাওয়ার আগে Internal Research Review meeting এ বিস্তারিত আলোচনা পূর্বক পরবর্তী মৌসুমের Research programme চুরান্ত করার সুপারিশ করা হয়।।

**Technical Session-2: Cotton Management**

Session Chair: Professor Dr, Md. Abul Hashem, BAU

**আলোচনা:** Cotton Management সেশনে প্রথমে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে ০৮ জন বক্তাকে তাদের স্ব স্ব গবেষণা প্রবন্ধ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বক্তার নামসহ প্রবন্ধগুলি নিম্নরপ-

ক) মোঃ আবু ইলিয়াস মিঞা, উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুর

গবেষণা প্রবন্ধ:

1. Effects of Different Harvest Aid Chemicals on Crop Duration, Seed Cotton Yield and Quality
2. Effects of Mepiquat Chloride and Plant Density on Seed Cotton Yield

খ) ড. মোঃ কামরুল হাসান, উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর

গবেষণা প্রবন্ধ:

1. Effect of Organic Fertilizer on Soil & Yield of Cotton.
2. Response of Cotton to Soil Applied Boron Combind with Foliar Spray in Calcareous soil of Bangladesh

গ) ড. মো: মোমিনুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, ঢাকা

গবেষণা প্রবন্ধ:

1. Time of Relaying Chia (*Salvia hispanica* L.) with Cotton
2. Time of Relaying Quinoa (*Chenopodium quinoa* Willd.) with Cotton

ঘ) ড. মো: তাসদিকুর রহমান, বীজ উৎপাদন বিশেষজ্ঞ, তুলা উন্নয়ন বোর্ড , আঞ্চলিক কার্যালয়, ঢাকা

গবেষণা প্রবন্ধ:

1. Evaluation of Appropriate Germplasm, Nutrient Management and Spacing for High Density Planting System (HDPS) of Cotton

ঙ) জি এম ফরহাদ হোসেন, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, তুলা উন্নয়ন বোর্ড , আঞ্চলিক কার্যালয়, ঢাকা

গবেষণা প্রবন্ধ:

1. Effect of High Density Planting on Yield and Fiber Quality of Different Cotton Genotypes

চ) খালেকুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার,শ্রীপুর,গাজীপুর

গবেষণা প্রবন্ধ:

1. Effect of seed Priming on Germination, Yield and Water Productivity of Cotton under Drought Stress
2. Exogenous Silicon enhance Growth, Yield and Physioligical Response of Cotton under Rainfed Condition

ছ) মো: আব্দুল ওয়াহাব, কটন এগ্রনোমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর

গবেষণা প্রবন্ধ:

1. Determination of Optimum Dose of NPKS for CDB Tula M1

জ) ড. মোঃ জাহাঙ্গীর আলম, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, রংপুর

গবেষণা প্রবন্ধ:

1. A Comparative Study on Effects of Mulching and Foliar Application of Drought Mitigation Chemicals on Growth, Yield and Fiber Quality of Cotton under Rain-fed Condition
2.Response of Cotton Genotype to High Density Planting System in Polyethene Mulch for Higher Yield under Rain-fed Condition
3. Effect of Chemical Defoliation on Boll Opening Percentage Yield and Quality of Cotton
4. Yield Performance Trail of Varity

সুপারিশমালা/মতামত:

১. ড. মো: মোমিনুল ইসলাম বলেন কোন Harvest Influenser ভালো তা নির্ধারণ করা প্রয়োজন।

২. জি এম ফরহাদ হোসেন বলেন Mepiquat Chloride এর প্রয়োগের সময় নির্ধারণ করা প্রয়োজন।

৩. ড. মোঃ কামরুল হাসান Evaluation of Appropriate Germplasm, Nutrient Management and Spacing for High Density Planting System (HDPS) of Cotton রিসার্চ এ canopy যোগ করার পরামর্শ দেন।
৪. ড. মোঃ কামরুল হাসান Determination of Optimum Dose of NPKS for CDB Tula M1 রিসার্চ এ BCR যোগ করার পরামর্শ দেন।

**Technical Session-3: Crop Protection**
Session Chair: Professor Dr, Md. Ruhul Amin, BSMRAU

**আলোচনা:** Crop protection সেশনে প্রথমে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে ০৩ জন বক্তাকে তাদের স্ব স্ব গবেষণা প্রবন্ধ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বক্তার নামসহ প্রবন্ধগুলি নিম্নরূপ-

ক) মংসানু মার্মা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান
গবেষণা প্রবন্ধ:

1. Plant Growth Studies of Cotton at Different Hill Slops in CHT Region and Measure to be Taken its MorPhological Performances Identification Number

খ) এইচ. সাইফুল আজাদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার,সদরপুর,দিনাজপুর
গবেষণা প্রবন্ধ:

1. Field Efficiency of some Insecticides & Biopesticide against Sucking Pest of Cotton

গ) ড. মো: মোমিনুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, ঢাকা।
গবেষণা প্রবন্ধ:

1. Effect of Different Doses and Time of Amistar Top to Control Boll Rot of Cotton

সুপারিশমালা/মতামত:
১. পাহাড়ে গবেষণার ক্ষেত্রে পাহাড়ের ঢালে স্লপ কত ডিগ্রী উল্লেখ করা প্রয়োজন।
২. Crop protection গবেষষণায় Insect ও pest এর ডাটা নেয়া এবং গবেষণা বিশ্লেষণে Latin Square test করলে ভাল হবে।
৩. Pesticide এর ক্ষেত্রে রিকমন্ডেট ডোজের সাথে ইকোনমিক বিশ্লেষণ করতে হবে।
৪. পরবর্তীতে Screening of cotton genotypes of different pest (sucking & chewing) and pathogen নিয়ে কাজ করা যেতে পারে।

**Technical Session-4: Collaborative Research**
Session Chair: Professor Dr, Md. Tofazzal Islam, BSMRAU

**আলোচনা:** Collaborative Research সেশনে প্রথমে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে ১১ জন বক্তাকে তাদের স্ব স্ব গবেষণা প্রবন্ধ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বক্তার নামসহ প্রবন্ধগুলি নিম্নরূপ-

ক) প্রফেসর ড. বি. কে. বিশ্বাস, ভিজিটিং প্রফেসর খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
গবেষণা প্রবন্ধ:
1. Development of Short Duration and Compact Canopy Structured Lines through using Different Types of Mutagens in Upland Cotton
খ) সোহানা জুঁই, সহকারি অধ্যাপক এবং PhD Fellow, হাবিপ্রবি
গবেষণা প্রবন্ধ:
1. Selection of Early Boll Picking, Short Duration and Stress tolerant High Yielding Upland Cotton Genotypes
গ) প্রফেসর ড. এ. কে এম. আমিনুল ইসলাম, বশেমুরকৃবি
গবেষণা প্রবন্ধ:
1. Development of Short Duration Cotton Varieties with High Yield and Lint Quality
ঘ) মো: আতিকুর রহমান ভূঁইয়া, নবিপ্রবি
গবেষণা প্রবন্ধ:
1. Evaluation and Performance Analysis of Some Inbred and Hybrid Cotton Varieties in Coastal Areas
ঙ) শিপ্রা রাণী মন্ডল, PhD Fellow
গবেষণা প্রবন্ধ:
1. Genomic Analysis and Molecular Breeding of Phuti Karpas
চ) প্রফেসর ড. মো: আশরাফুল ইসলাম, সিকৃবি
গবেষণা প্রবন্ধ:
1. Strategy to Transfer High Yielding Cotton Varieties to the Farmers in the Sylhet Region
ছ) রিখিয়া ভৌমিক, PhD Fellow
গবেষণা প্রবন্ধ:
1. Survey and Management of Cotton Diseases of Bangladesh
জ) এস এম আশিক, উধ্বর্তন বৈজ্ঞানিক কর্মকর্তা, SRDI ও PhD Fellow
গবেষণা প্রবন্ধ:

1. Screening of Suitable Cultivers and Management of Winter Cotton Fitting in the Costal Saline Soil of South Western Bangladesh

ঝ) উষাতুন হাসনা হাসি, PhD Fellow সিকৃবি

গবেষণা প্রবন্ধ:

1. Optimization of Harvest Efficiency through Leaf Defoliation and Row Spacing in Cotton

ঞ) তাজিন নাভা রহমান, MS Fellow, ঢাবি

গবেষণা প্রবন্ধ:

1. Cotton Tolerance to Heavy Metal Stress and the Possible Phyto remediation by Organic and Inorganic Amendments

ট) প্রফেসর ড. জামিলুর রহমান, বশেমুরকৃবি

গবেষণা প্রবন্ধ:

1. Development of new varieties through Gene pyramiding of desired traits in cotton

সুপারিশমালা/মতামত:

১. ড. মোঃ কামরুল হাসান Genomic Analysis and Molecular Breeding of Phuti Karpas রিসার্চ এ মসলিনের ধরণ অনুসারে Duration কমানো ও Yield বাড়ানোর উপর ডাটা উপস্থাপনের পরামর্শ দেন এবং Screening of Suitable Cultivers and Management of Winter Cotton Fitting in the Costal Saline Soil of South Western Bangladesh রিসার্চ এ Interval Period ১০ দিনের পরির্তে ২০ দিন করার পরামর্শ দেন।

২. ড. মোঃ জহিরুল হক, বিএআরআই Development of Short Duration Cotton Varieties with High Yield and Lint Quality রিসার্চ এ magic population নির্ধারনে marker ব্যবহারের পরামর্শ দেন।

৩. প্রফেসর ড. বি. কে. বিশ্বাস Evaluation and Performance Analysis of Some Inbred and Hybrid Cotton Varieties in Coastal Areas রিসার্চ এ ৬টি Variety কৃষকের মাঠেও দেখার পরামর্শ দেন।

৪। ড. সীমা কুন্ডু, প্রকল্প পরিচালক, তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, ঢাকা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কোলাবরেটিভ রিসার্চ প্রসংগে বলেন যে, বিভিন্ন বিশ্ববিদ্যারয়ের সাথে যে, কোলাবরেটিভ রিসার্চ বিভিন্ন তুলা গবেষণা খামারে / কেন্দ্রে পরিচালিত হচ্ছে গবেষণা খামার/ কেন্দ্রে সহযোগিতা করার জন্য এবং প্রাপ্ত বীজ এবং গবেষণা লব্ধ ফলাফল মাঠ পর্যায়ে ব্যবহারের জন্য সভায় সকলকে আহবান জানান।

**সিদ্ধান্তসমূহ:**

১. Collaborative Research এর গবেষণা লব্ধ ফলাফলকে মাঠ পর্যায়ে কাজে লাগাতে হবে।

২. গবেষণালব্ধ উপকরণ জিন ব্যাংকে রাখতে হবে এবং সকল পাবলিকেশন্স লাইব্রেরীতে সংরক্ষণ করতে হবে।

৩. স্পিনিং নিয়ে রিসার্চ করতে হবে এবং কম্পোজিট রিসার্চ এর উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪. তুলার সাথী ফসল হিসাবে পেরিলা ব্যবহার করা যায় কিনা এ সংক্রান্ত গবেষণা করতে হবে।

৫. গবেষণা কার্যক্রমের মান আরো বৃদ্ধি করতে হবে এবং need based গবেষণা কার্যক্রম গ্রহণ করতে হবে।

৬. বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় Socio-economic Research শুরু করতে হবে।

৭. গবেষণায় আন্তর্জাতিক collaboration এর সুযোগ অনুসন্ধান করতে হবে।

এরপর তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন এবং সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

১৪-০৭-২০২৪
ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ / ১৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.০০০০.১০৬.০১.০০১.১৭.৩৬

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;

২। উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;

৩। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল);

৪। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড;


৫। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;

৬। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড;

৭। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল);

৮। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সকল) এবং

৯। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।।



১৪-০৭-২০২৪
মোঃ মোমিনুল ইসলাম
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ঠ ক